

# Visit of Stephen E. Biegun, Deputy Secretary of State of the United States of America (October 12-14, 2020)

October 13, 2020

## আমেরিকার উপ রাষ্ট্র সচিব স্টিফেন ই. বেইগান ভারত সফর (অক্টোবর 12-14, 2020)

অক্টোবর 13, 2020

আমেরিকার উপ রাষ্ট্র সচিব, স্টিফেন ই. বেইগান 12-14 অক্টোবর 2020 -তে নিউ দিল্লি সফর করেছেন।

তার সফরকালে, তিনি 13 ই অক্টোবর 2020 তারিখে বিদেশ সচিব হর্ষবর্ধন শূঙ্গলার সাথে কথা বলেছেন। তারা রাজনৈতিক, নিরাপত্তা ও প্রতিরক্ষা, অর্থনৈতিক, বাণিজ্যিক, প্রযুক্তি এবং জনগণের সাথে জনগণের সংযোগ সহ ভারত-আমেরিকা ব্যাপক সার্বিক কৌশলগত অংশীদারিত্বের অধীনে সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করেছেন। তারা পারস্পরিক স্বার্থের অনেকগুলি আঞ্চলিক এবং সার্বিক সমস্যা নিয়ে নিজেদের মধ্যে দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন। তারা রাষ্ট্রপুঞ্জ, বিশেষত 2021-2022 সময়কালে রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে ভারতের সদস্য সময়কালে, সহযোগিতাকে মজবুত করার বিভিন্ন পন্থা নিয়ে আলোচনা করেছেন।

তার সফরকালে আমেরিকার উপ রাষ্ট্র সচিব বিদেশ মন্ত্রী এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টার সাথেও সাক্ষাৎ করেছেন এবং জারি থাকা দ্বিপাক্ষিক সহযোগিতা নিয়ে আলোচনা করেছেন ও এলাকার ঘটনাবলী নিয়ে মত বিনিময় করেছেন।

আমেরিকার উপ রাষ্ট্র সচিব এবং বিদেশ সচিব, এক ট্র্যাক 1.5 ডায়ালগ ভারত-আমেরিকা ভারুয়াল বাৎসরিক ফোরামের উদ্বোধনী অধিবেশনে অংশগ্রহণ করেছেন এবং কোভিড-19 অতিমারির মোকাবিলায় চালু থাকা ভারত-আমেরিকার সহযোগিতা নিয়ে ও বহুপাক্ষিক মঞ্চে দ্বিপাক্ষিক সম্পর্ক এবং সহযোগিতাকে মজবুত করা নিয়ে বক্তব্য রেখেছেন।

উপ সচিব বেইগানের সফর, ভারত-আমেরিকার কৌশলগত অংশীদারিত্বকে আরও মজবুত করার অঙ্গীকার সহ বিভিন্ন দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা করার এক গুরুত্বপূর্ণ সুযোগ ছিল।

উভয় পক্ষ, দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বিশ্বব্যাপী সমস্যা সহ পারস্পরিক স্বার্থের বিষয়গুলি নিয়ে উচ্চ-স্তরীয় সম্পর্ক চালিয়ে যাবার জন্য সামনের দিকে তাকিয়ে রয়েছেন।

নিউ দিল্লি

অক্টোবর 13, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.